JAN. 20 2001

দৈনিক জনকণ্ঠ

# চট্টগ্রামে সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা শুরু
# ২০০০ শূন্য আসনে প্রার্থী ১০ হাজার

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রামের ঐতিহ্যবাহী ও নামী-দামী সরকারী স্কুলগুলোর শূন্য আসনে ভর্তিযুদ্ধ শুক্রবার থেকে শুরু হয়েছে। এ বছর ৭টি সরকারী স্কুলে ৪র্থ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত প্রায় ২ হাজার শূন্য আসনে ১০ হাজার ছাত্রছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করছে। এদিকে কোমলমতি শিক্ষার্থীদের ভর্তিযুদ্ধ নিয়ে অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠার শেষ নেই। সরকারী স্কুলগুলোতে ভর্তি পরীক্ষার প্রথম দিন শুক্রবার নগরীর অন্যতম শীর্ষস্থানীয় ডাঃ খাস্তগির সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, নাসিরাবাদ সরকারী বালক উচ্চ বিদ্যালয়, বাকলিয়া সরকারী উচ্চ বিদ্যালয় ও মুসলিম হাইস্কুলে ৪র্থ ও ৫ম শ্রেণীর পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ শনিবার চট্টগ্রাম সরকারী কলেজিয়েট হাইস্কুল, নাসিরাবাদ সরকারী উচ্চ বালক ও বালিকা বিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কলেজিয়েট স্কুলে ষষ্ঠ শ্রেণীর পরীক্ষা সকাল সাড়ে ১০টায় এবং ৯ম শ্রেণীর পরীক্ষা দুপুর ২টায় শুরু হবে। এ স্কুলে এ বছর ষষ্ঠ শ্রেণীতে ২৫০টি শূন্য আসনের বিপরীতে প্রায় দেড় হাজার এবং ৯ম শ্রেণীতে ৬০টি আসনের জন্য প্রায় ৬০০ শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অবতীর্ণ হচ্ছে।